



মানবজমিন

বুধবার

১৬ই ডিসেম্বর ২০২৫



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৫ উদ্‌যাপন উপলক্ষে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি'র জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও মুক্তিযোদ্ধা মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ, বীর বিক্রম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সাবেক চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা আজীবন সদস্য বীর মুক্তিযোদ্ধা বেনজীর আহমেদ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত ডিন, পরিচালক, বিভাগীয় প্রধান, উর্ধ্বতন কর্মকর্তা, অনুষদ সদস্য এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন তেলাওয়াত, জাতীয় সংগীত পরিবেশন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালনের মধ্যদিয়ে অনুষ্ঠান শুরু হয়। বিজ্ঞপ্তি